

তাগিদপত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০০১.২০১৩-৪২০

তারিখ: ২৮ মার্চ ২০১৭।

বিষয় : দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলা পরিষদ কার্যালয়ের হাট-বাজার ইজারা, ভূমি হস্তান্তর কর এবং ভ্যাট-এর অর্থ আত্মসাৎ সংক্রান্ত অভিযোগে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর দায়িত্ব অবহেলা সুনির্দিষ্টকরণ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগ-এর স্মারক নং- ৪৬.০৪৬.০২৭.০০.০০.০০১.২০১৫-৬৩; তারিখ: ১৫ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলা পরিষদ কার্যালয়ের হাট-বাজার ইজারা, ভূমি হস্তান্তর কর এবং ভ্যাট-এর সর্বমোট ১,৮৮,৯৭,৭৫১/- (এক কোটি আটশি লক্ষ সাতানব্বই হাজার সাতশত একান্ন) টাকা আত্মসাৎ এর বিষয়ে কোন্ কোন্ ক্ষেত্রে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মো: আফতাব উদ্দীন মোল্লা দায়িত্বে অবহেলা করছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি তা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে কোন্ কোন্ ক্ষেত্রে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মো: আফতাব উদ্দীন মোল্লা-এর দায়িত্বে অবহেলা করছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে জরুরি ভিত্তিতে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় সবিনয় অনুরোধ করা হলো।

J.M. Min
27/03/2017
(ড. জুলিয়া মঈন)

উপসচিব

ফোন: ৯৫৬২২৪৭

E-mail: uzl1gd@gmail.com

বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, মাঠ প্রশাসন শৃঙ্খলা অভিশাখা)।
- ২। সচিব একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।